Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 26 June, 2025

আন্তর্জাতিক অঙ্গনে বহু পুরস্কারে ভূষিত, কিন্তু এতদিন দেশের পর্দায় মুক্তি আটকে থাকা চলচ্চিত্র ‘অন্যদিন’ এবার অবশেষে আসছে দেশের প্রেক্ষাগৃহে।"ভেসে বেড়ানো একটা দেশের গল্প, একটা দশকের গল্প"–এই শিরোনামে নির্মিত সিনেমাটি দেশের রাজনৈতিক ও সামাজিক বাস্তবতা নিয়ে প্রশ্ন তোলে, আর এ কারণেই বিগত সরকার আমলে সেন্সর বোর্ডের বাঁধায় আটকে ছিল এর মুক্তি।

২০১৭ সালে কান চলচ্চিত্র উৎসবের অফিসিয়াল সিলেকশন “সিনেফঁদাসিয়োঁ” বিভাগে জায়গা করে নেয় ‘অন্যদিন’।এর আগেই, ২০১৬ সালে পরিচালক সাইমন বাংলাদেশের প্রথম নির্মাতা হিসেবে লোকার্নোর পিয়াতজা গ্রান্দায় ‘ফিচারড ডিরেক্টর’ হিসেবে সম্মাননা পান এই ছবির জন্যই।

চলচ্চিত্রটি ২০১৪ সালে সানড্যান্স থেকে পেয়েছে গ্রান্ট এওয়ার্ড এবং ফ্রান্সের আর্তে ইন্টারন্যাশনাল প্রাইজ।

২০২১ সালে আমস্টারডামের বিখ্যাত ইডফা উৎসবে ‘অন্যদিন’-এর ওয়ার্ল্ড প্রিমিয়ার হয়। ইডফার ওয়েবসাইটে সিনেমাটিকে বলা হয়–‘ক্যালাইডোস্কোপিক ও ফিলসফিক্যাল’।পরের বছর এটি ক্যামডেন ফেস্টিভ্যালে জেতে শ্রেষ্ঠ ফিচার ছবির জন্য 'হ্যারেল এওয়ার্ড', নিউ ইয়র্কের মমি ফেস্টিভ্যালে নির্বাচিত ১৮টি মাস্টারপিসের একটি হিসেবে জায়গা করে নেয়, আর জুরিখ আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে পায় 'গোল্ডেন আই’ মনোনয়ন।

সিডনি, নন্তের 'ফেস্টিভ্যাল অব থ্রি কন্টিনেন্টস', ও আরও নানা মর্যাদাপূর্ণ আন্তর্জাতিক উৎসবে প্রদর্শিত হয়েছে সিনেমাটি।

বিশ্বের সমালোচক মহল থেকে ব্যাপক প্রশংসা কুড়িয়েছে ‘অন্যদিন’।মমি’র মতে এটি একটি ‘আর্টিস্টিক মাস্টারপিস’।ফিল্ম ইনক. বলেছে, “এই ছবিটি বড় পর্দায় দেখানোরই যোগ্য।” স্ক্রিন ডেইলি সিনেমাটিকে বলেছে “সিডাকটিভ” এবং ভ্যারাইটি বলেছে, “কৌতুকপূর্ণ, কিন্তু বিবেক নাড়া দেয়।”

সব বাধা পেরিয়ে, আগামী জুলাই মাসে ‘অন্যদিন’ অবশেষে মুক্তি পাচ্ছে বাংলাদেশের প্রেক্ষাগৃহে।

অন্যদিন চলচ্চিত্র সিনেফঁদাসিয়োঁ সাইমন সিনেমা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 23:05

URL: https://timestodaybd.com/entertainment/7998753761